

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর
মহাখালী, ঢাকা-১২১২



স্মারক শিঃ- স্বাঃ শিঃ অধিঃ/চিকিৎসাঃ/বেসরকারী-ভর্তিঃ/এমবিবিএস/২০২০-২০২১/ ১০৬

তারিখঃ ২৫/০৪/২০২১ খ্রিঃ

অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ সমূহে এমবিবিএস কোর্সে ছাত্র-ছাত্রী ভর্তি সংক্রান্ত বিজ্ঞপ্তি
শিক্ষা বর্ষ: ২০২০-২০২১

অনুমোদিত বেসরকারি মেডিকেল কলেজ সমূহে ২০২০-২০২১ শিক্ষাবর্ষে ছাত্র-ছাত্রী ভর্তির জন্য সংশ্লিষ্ট কলেজ কর্তৃপক্ষ বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল ও স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ের সিদ্ধান্ত মোতাবেক এমবিবিএস কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ করতে পারবেন। বিজ্ঞপ্তি বহুল প্রচারিত কমপক্ষে ২টি বাংলা ও ১টি ইংরেজি দৈনিক পত্রিকায় প্রকাশ করতে হবে। নিজস্ব Website এ বিজ্ঞপ্তি বাংলা ও ইংরেজি ভাষায় upload করতে হবে।

স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়ে গৃহীত সিদ্ধান্ত মোতাবেক এমবিবিএস কোর্সে ভর্তি পরীক্ষার লিখিত পরীক্ষায় 'বাংলাদেশ মেডিকেল এন্ড ডেন্টাল কাউন্সিল' এবং স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয় কর্তৃক প্রণীত নীতিমালার আলোকে ন্যূনতম ৪০ বা তদুর্ধ্ব প্রাপ্ত নম্বরধারীদের মেধা তালিকা প্রস্তুত করা হয়েছে। যা স্বাক্ষর সরকারি ও বেসরকারি মেডিকেল কলেজের জন্য প্রযোজ্য। ভর্তির ক্ষেত্রে উক্ত মেধা তালিকা অনুসরণ পূর্বক মুক্তিযোদ্ধাসহ অন্যান্য কোটার নীতিমালা অনুসরণ করতে হবে। ছাত্র-ছাত্রীরা তাদের পছন্দের কলেজে আবেদন করবেন। ছাত্র-ছাত্রী ভর্তির ক্ষেত্রে কোনক্রমেই মেধাক্রম লঙ্ঘন করা যাবে না, একাধিক দফায় ভর্তি প্রয়োজন হলে প্রতিবারই মেধাক্রম অনুসরণ করতে হবে। প্রতিবার ভর্তির ক্ষেত্রে ৫-৭ দিন সময় দিতে হবে। স্বাস্থ্য অধিদপ্তরের ওয়েব সাইট www.dghs.gov.bd থেকে ভর্তি পরীক্ষার ফলাফল ডাউনলোড করা যাবে।

ভর্তি কার্যক্রমের সিডিউল নিম্নরূপ।

ক্রম	বিবরণী	সময়
০১	ভর্তি বিজ্ঞপ্তি প্রকাশ	০১-০৬-২০২১ হতে।
০২	আবেদন পত্র বিতরণ শুরু	০৫-০৬-২০২১ হতে।
০৩	আবেদন পত্র জমা নেওয়ার শেষ তারিখ	১৫-০৬-২০২১ পর্যন্ত।
০৪	প্রাপ্ত সকল আবেদনের কোটাভিত্তিক পূর্ণাঙ্গ তালিকা (Merit A - Z) প্রকাশ	১৯-০৬-২০২১ হতে।
০৫	ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়া শুরু	০১-০৭-২০২১ হতে।
০৬	ছাত্র-ছাত্রী ভর্তি প্রক্রিয়ার শেষ তারিখ (অপেক্ষামান তালিকা সহ)	১৫-০৭-২০২১ পর্যন্ত।
০৮	ফ্রাস শুরু	০১ আগষ্ট, ২০২১।

এতে মহাপরিচালক মহোদয়ের সদয় সম্মতি রয়েছে।

অধ্যাপক ডাঃ এ কে এম আহসান হাবিব
পরিচালক (চিকিৎসা শিক্ষা)
স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
ফোনঃ-৪৮৮১১২০০,
Email: medicaledu313@gmail.com

অনুদিনি প্রত্যাহা ও কর্কার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :

১. মাননীয় মন্ত্রী, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (দৃষ্টি আকর্ষণ: মাননীয় মন্ত্রী মহোদয়ের একান্ত সচিব)
২. সচিব, স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা। (দৃষ্টি আ: সচিব মহোদয়ের একান্ত সচিব)
৩. চেয়ারম্যান, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন, শের-এ-বাংলা নগর, ঢাকা। (দৃষ্টি আকর্ষণ:- সচিব, বিশ্ববিদ্যালয় মঞ্জুরী কমিশন)
৪. উপাচার্য, বিএসএমএমইউ, শাহাবাগ, ঢাকা।
৫. উপাচার্য, চট্টগ্রাম রাজশাহী ও সিলেট মেডিকেল বিশ্ববিদ্যালয়
৬. মহাপরিচালক, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা (দৃষ্টি আকর্ষণ:- সহকারী পরিচালক, প্রশাসন-১)।
৭. অতিরিক্ত সচিব (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
৮. অতিরিক্ত মহাপরিচালক, প্রশাসন/চিকিৎসা শিক্ষা, স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর, মহাখালী, ঢাকা।
৯. মহাপরিচালক (চিকিৎসা শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ, স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।